

# WE ARE YOUR DOL



Department  
of Labor

A proud partner of the American Job Center network

## নিউ ইয়র্ক স্টেট পেশা কেন্দ্রসমূহ সুবিধাজনক, বিনামূল্যের চাকরি সন্ধান পরিষেবা

### কেরিয়ার কাউন্সেলিং

আপনার প্রয়োজন, দক্ষতা এবং আগ্রহগুলি মূল্যায়ন করায় আমাদের কাউন্সিলাররা আপনাকে সাহায্য করবেন। আপনার চাকরি সন্ধান আপনাকে সাহায্য করতে তারা ধাপে-ধাপে প্রক্রিয়ায় আপনাকে পথনির্দেশ করবেন।

### রেজিউমে অর্থাৎ জীবনবৃত্তান্ত তৈরি করা

ভালো চাকরি সন্ধান পাওয়ার মত রেজিউমে লেখা ও গড়ে তোলায় সুদক্ষ কর্মীরা আপনাকে সাহায্য করবেন। আপনার রেজিউমে কিভাবে মানানসই করে তোলায় যায় এবং ইন্টারনেটে কিভাবে আপনার দক্ষতা উপস্থাপন করা যায় আমরা আপনাকে সেসব দেখিয়ে দেব।

### কর্মশালা ও জব ক্লাব

গ্রুপ সেটিং-এ আপনি নানা বিষয়ে খোঁজখবর করতে পারেন, যেমন:

- চাকরি খোঁজার কৌশল
- নেটওয়ার্ক তৈরি করা
- বেতন নিয়ে আলোচনা
- দক্ষতা স্থানান্তর
- রেজিউমে তৈরি করা
- মানসিক চাপ সামলানো
- অর্থসংস্থান এবং বাজেট করা
- ইন্টারভিউয়ের অভ্যাস করা

### রিসোর্স রুম: কম্পিউটার / ইন্টারনেট, ফোন, ফ্যাক্স এবং কপিয়ার ব্যবহারের সুযোগসুবিধা

যারা চাকরি খুঁজছেন তারা উচ্চগতির ইন্টারনেট সংযোগ সহ আমাদের ব্যক্তিগত কম্পিউটার ব্যবহার করতে পারেন। আমাদের কাছে টেলিফোন আছে যার মাধ্যমে আপনি নিরিবিলিতে সম্ভাব্য নিয়োগকর্তাদের সাথে কথা বলতে পারেন। বিনামূল্যে ব্যবহারের জন্য আপনি প্রিন্টার, কপিয়ার এবং ফ্যাক্সের সুবিধা পাবেন।

### প্রাপ্তবয়স্কদের জন্য মৌলিক শিক্ষা / দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি

আপনি যাতে হাই স্কুলের সমস্তরের ডিপ্লোমা পেতে পারেন সেইজন্য বা আপনার ইংরেজি-ভাষা দক্ষতা বাড়াতে আপনাকে সাহায্য করার জন্য আমরা আপনাকে বিনামূল্যে কোর্স করার সুবিধা দিতে পারি।

### চাকরি সন্ধানের সাহায্য সংস্থান এবং চাকরির প্লেসমেন্টে সাহায্য

সমস্ত New York রাজ্য ব্যবসা প্রতিষ্ঠানগুলি শ্রমবিভাগ কর্মকর্তা (Labor Department) কর্মখালির তালিকা জানায়। আপনি জব বোর্ড এবং অনলাইন চাকুরীর সুযোগগুলো পর্যালোচনা করে দেখতে পারেন। নির্দিষ্ট চাকরির সন্ধান করতে প্লেসমেন্ট স্পেশালিস্টরাও আপনাকে সাহায্য করতে পারেন।

### অনুষ্ঠান এবং কর্মনিয়োগ

চাকরির নিয়োগে এবং অন-সাইট ইন্টারভিউ নিতে অনেক ব্যবসা প্রতিষ্ঠান আমাদের সেন্টারগুলি ব্যবহার করে। [www.labor.ny.gov](http://www.labor.ny.gov) দেখুন বা আমাদের পেশা কেন্দ্র কর্মীদের কাছ থেকে আগামীদিনের কর্মনিয়োগ এবং অনুষ্ঠানসূচির তালিকা চেয়ে নিন।

### বৃত্তিমূলক ক্লাসরুম এবং চাকরিতে থাকাকালীন প্রশিক্ষণ (যারা যোগ্য তাদের জন্য)

দীর্ঘকালীন কেরিয়ারের জন্য আমরা স্বল্পকালীন ট্রেনিং অর্থাৎ প্রশিক্ষণ দিতে পারি। (তহবিলের উপলভ্যতা এবং কর্মসূচীর বিধিবিধানের উপর নির্ভর করে)

### বাসস্থান এবং মানানসই প্রযুক্তি

আপনার যদি কোন অক্ষমতা থাকে এবং পেশা কেন্দ্র-তে দেওয়া পরিষেবাগুলি সম্পূর্ণ সম্ভব করার ব্যাপারে সাহায্য বা বাসস্থানের প্রয়োজন হয়, তবে অনুগ্রহ করে আমাদের কর্মীদের জানিয়ে দেবেন। আপনার সাহায্য করার উদ্দেশ্যে আমাদের কেরিয়ার সেন্টারে উন্নত মানের প্রযুক্তি আছে, যেমন: স্ক্রীন রিডার, ম্যাগনিফায়ার, টেক্সট-টু-স্পীচ সফটওয়্যার, TTY টেক্সট টেলিফোন, ট্র্যাকবল এবং বড়-প্রিন্ট কীবোর্ড।

### ডিজিটাল সাক্ষরতা

কর্ম অনুসন্ধান, তা পাওয়া ও বজায় রাখার পাশাপাশি দৈনন্দিন জীবনেও ডিজিটাল সাক্ষরতা দক্ষতার প্রয়োজন হয়।

আমাদের কেরিয়ার সেন্টারে NorthStar ডিজিটাল সাক্ষরতা মূল্যায়ন ও এই বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়:

- **অত্যাবশ্যক কম্পিউটার দক্ষতা**—বেসিক কম্পিউটার দক্ষতা; ইন্টারনেটের সাধারণ বিষয়; ইমেইল ব্যবহার করা; Windows; Mac OS শেখা
- **অত্যাবশ্যক সফটওয়্যার দক্ষতা** – Microsoft Word; Microsoft Excel; Microsoft PowerPoint; Google Docs
- **দৈনন্দিন জীবনে প্রযুক্তির ব্যবহার** – সোশাল মিডিয়া; তথ্য সংক্রান্ত সাক্ষরতা; কেরিয়ার অনুসন্ধানের দক্ষতা; ডিজিটাল ফুটপ্রিন্ট

### আপনার পেশা কেন্দ্র খুঁজুন

ভিজিট করুন: [www.labor.ny.gov/career-center-locator](http://www.labor.ny.gov/career-center-locator)

নিউ ইয়র্ক স্টেটের শ্রম দপ্তর একটি সমান সুযোগ প্রদানকারী নিয়োগকর্তা/কার্যক্রম।

TTY/TDD 711 বা 1-800-662-1220 (ইংরেজি) / 1-877-662-4886 -এ অক্ষম ব্যক্তিদের অনুরোধের ভিত্তিতে সাহায্যকারী সহায়তা এবং পরিষেবাগুলি বিনামূল্যে উপলব্ধ।